

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয় ঢাকা।
www.pressinform.gov.bd



বিষয় : ১০.০১.২০২২ খ্রি. অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো. শাহেনুর মিয়া, প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব) ও সভাপতি, নৈতিকতা কমিটি, তথ্য অধিদফতর, ঢাকা।
তারিখ : ১০.০১.২০২২ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা।
স্থান : প্রধান তথ্য অফিসারের অফিসকক্ষে।


সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। শুরুতেই পুনর্গঠিত নৈতিকতা কমিটির সদস্য হিসেবে সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটোকল এন্ড লিয়াজেঁ) জনাব মো. আবদুল জলিল-কে স্বাগত জানানো হয়। তথ্য অফিসার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব গাজী শরীফা ইয়াছমিন সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ অগ্রগতি বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। এছাড়া, নৈতিকতা কমিটি ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ) কার্যক্রম বাস্তবায়নে নিমিত্ত দফাওয়ারি আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেন :

ক্র.ন.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অগ্রগতি প্রতিবেদন অনুমোদন	নৈতিকতা কমিটির অধ্যকার সভায় ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করা হয় এবং এটি প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২	৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ) কার্যক্রম বাস্তবায়ন	সভাপতি মহোদয় সময়মত নৈতিকতা কমিটির সভা আহ্বান এবং স্বল্প সময়ের সভার কার্যবিবরণী প্রস্তুত/ইস্যু করণের নির্দেশনা দেন। এছাড়া, ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ) গৃহীত কার্যক্রম যথাযথ বাস্তবায়ন মার্চ-২০২২ এর মধ্যে সম্পন্ন নির্দেশনা দেন।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৩	শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ	৩য় প্রান্তিকে শুদ্ধাচার বিষয়ক ০১টি প্রশিক্ষণ অনুষ্ঠানের নির্দেশনা প্রদান করা হয়।	সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৪	কর্ম-পরিবেশ উন্নয়ন	অফিসের কর্ম-পরিবেশ উন্নয়নে ৩০.০৩.২০২২ খ্রি. মধ্যে অপ্রয়োজনীয়/মেরামত অযোগ্য আসবাবপত্রসমূহ অকেজো করণের জন্য একটি পত্র জারির সিদ্ধান্ত হয়।	সিনিয়র তথ্য অফিসার (সমন্বয় ও বিতরণ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৫	শুদ্ধাচার পুরস্কার ২০২০-২১ প্রদান	শুদ্ধাচার পুরস্কার-২০২১ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। জানুয়ারি ২০২২ এর শেষ সপ্তাহে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৬	আঞ্চলিক তথ্য অফিসসমূহকে ফিডব্যাক প্রদান	ফেব্রুয়ারি ২০২২-এর দ্বিতীয় সপ্তাহে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং আঞ্চলিক তথ্য অফিসের দপ্তর প্রধানদের সমন্বয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক/কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

চলমান পাতা/০২

ক্র.ন.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০৭	দুর্নীতি প্রতিরোধে ফিচার/নিবন্ধ প্রকাশ, উত্তম চর্চা প্রতিপালন	৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা পূরণে মার্চ, ২০২২ এর মধ্যে দুর্নীতি প্রতিরোধ বিষয়ে এক বা একাধিক ফিচার/নিবন্ধ প্রকাশের সিদ্ধান্ত 'ই-নথিতে কার্যক্রম সম্পন্ন করবো, ডিজিটাল বাংলাদেশ গড়বো' শিরোনামে উত্তম চর্চা প্রতিপালনের বিষয়ে একটি পত্র জারির নির্দেশনা প্রদান করা হয়।	চিফ ফিচার রাইটার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৮	অফিস পরিদর্শন/মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন	অভ্যন্তরীণ অফিস পরিদর্শনের অংশ হিসেবে অধিদফতরের প্রশাসন শাখা এবং মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন হিসেবে আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ পরিদর্শনের সিদ্ধান্ত হয়। উল্লেখ্য, প্রধান তথ্য অফিসার মহোদয়ের নেতৃত্বে পরিদর্শন কার্যক্রম সম্পন্নে সভায় সিদ্ধান্ত হয়।	সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) ও সিনিয়র তথ্য অফিসার (সমন্বয় ও বিতরণ)
০৯	মেগা প্রকল্প পরিদর্শন	নিজস্ব ব্যবস্থাপনায় ১০/১২ জন কর্মকর্তার সমন্বয়ে ফেব্রুয়ারি-২০২২ এর তৃতীয় সপ্তাহে পদ্মা সেতু হাইওয়ে এক্সপ্রেস রোড (ঢাকা-মাওয়া) পরিদর্শনের সিদ্ধান্ত হয়।	সিনিয়র তথ্য অফিসার (সমন্বয় ও বিতরণ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: শাহেনুর মিয়া

প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৪৬০৯১

ই-মেইল : pio@pressinform.gov.bd

নং-১৫.৫২.০০০০.০১১.১৮.২৩১.১৮(অংশ-৯). ১৪২



তারিখ: ১১.০১.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস এন্ড মিনিস্ট্রিয়াল পাবলিসিটি/প্রোটকল এন্ড লিয়াজৌ/মনিটরিং), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৩। উপসচিব (প্রশাসন-৪ শাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপপ্রধান তথ্য অফিসার (সকল), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৫। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ০৬। সিনিয়র তথ্য অফিসার, (প্রশাসন/সমন্বয় ও বিতরণ/প্রেসট্রেন্ড/প্রোটকল/চিফ ফিচার রাইটার), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৭। তথ্য অফিসার, (প্রোটকল/ক্রিপিস), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৮। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ, বিতরণ কর্মকর্তা ও সহকারী প্রধান আলোকচিত্রগ্রাহক, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৯। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
- ১০। সংশ্লিষ্ট নথি/নোটিশ বোর্ড।